# ছোটোদের আদব শেখার
# ১০০
# হাদিস

জাভিদ আহমাদ খতিব
ভাষান্তর : ফরহাদ খান নাঈম

গার্ডিয়ান
পাবলিকেশনস

**গার্ডিয়ান পাবলিকেশন্স**

৩৪, নর্থব্রুক হল রোড,
মাদরাসা মার্কেট (২য় তলা),
বাংলাবাজার, সূত্রাপুর, ঢাকা–১১০০

০২-৫৭১৬৩২১৪
০১৭১০-১৯৭৫৫৮, ০১৯৯৮-৫৮৪৯৫৮

info@guardianpubs.com
www.guardianpubs.com

| | |
|---|---|
| **প্রথম প্রকাশ** | অক্টোবর, ২০২৩ |
| অনুবাদস্বত্ব | গার্ডিয়ান পাবলিকেশন্স |
| **প্রচ্ছদ** | ইবরাহিম নাজ |
| **আইএসবিএন** | ৯৭৮-৯৮৪-৯৮১০৪-১-৪ |
| **ফিক্সড প্রাইস** | ২৫০ টাকা |

# দুটি কথা

নবিজি শিশুদেরকে বিশেষভাবে ভালোবাসতেন। তিনি তাদের সঙ্গে সময় কাটাতেন, তাদেরকে শেখাতেন, বাতলে দিতেন সঠিক পথের দিশা। একটি শিশু ছোটোবেলা থেকেই কীভাবে উত্তম চরিত্র লালন করতে পারে, তা হাতেকলমে দেখিয়ে দিতেন তিনি। উমর ইবনে আবু সালামা (রা.) বর্ণনা করেন–'ছোটোবেলায় আমি আল্লাহর রাসূল (সা.)-এর তত্ত্বাবধানে থাকতাম। খাওয়ার সময় আমার হাত খাবারের পাত্রের বিভিন্ন জায়গায় হাতড়ে ফিরত। নবিজি আমাকে বললেন, হে বালক! আল্লাহর নামে খাও, ডান হাত দিয়ে খাও এবং পাত্রে তোমার সামনে যা আছে, তা থেকে খাবার গ্রহণ করো। তখন থেকে খেতে বসলেই আমি নবিজির এই নির্দেশনাসমূহ মেনে চলি। সহিহ বুখারি ৫৭৩৬

ছোটোদের প্রতি নবিজির এসব সুন্দর সুন্দর শিক্ষা ছড়িয়ে দিতে আমরা এই বইটিতে তাঁর ১০০টি শিশুতোষ হাদিস তুলে ধরেছি। আমরা আশা করি, এসব চমৎকার ও সহজবোধ্য হাদিসের মাধ্যমে শিশুরা ইসলামের মৌলিক দিকসমূহ জানতে পারবে। শিখতে পারবে আদবকায়দা, করণীয়-বর্জনীয়। পিতা-মাতা, পরিবার-পরিজন, সাধারণ মানুষ, পশুপাখি এমনকি পরিবেশের সঙ্গে তাদের আচরণ কেমন হবে, তাও জানতে পারবে, ইনশাআল্লাহ।

আল্লাহ তায়ালা আমাদের শিশুদেরকে তাঁর রহমতের চাদরে আবৃত করে নিন এবং শিখিয়ে দিন ইসলামি জ্ঞান ও তাহজিব-তামাদ্দুন, আমিন!

قال رسول الله

صَلَّى ٱللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

রাসূল সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম বলেছেন–

اُعْبُدُوا اللَّهَ وَحْدَهُ

Worship Allah alone.



ইবাদত করো একমাত্র আল্লাহর।

সহিহ বুখারি : ০৭

أَفْضَلُ الذِّكْرِ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ

The best way to celebrate the remembrance of Allah is to say: ‘there is no true god except Allah’.




সর্বোত্তম জিকির হলো-‘লা ইলাহা ইল্লাল্লাহ’ অর্থাৎ আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই বলা।

জামে আত-তিরমিজি : ৩৩৮৩

قُلْ آمَنْتُ بِاللَّهِ ثُمَّ اسْتَقِمْ

Say I believe in Allah
and then be steadfast.



বলো, আল্লাহর ওপর ঈমান আনলাম।
তারপর এই কথার ওপর অবিচল থাকো।

সহিহ মুসলিম : ৩৮

إِتَّقِ اللَّهَ حَيْثُمَا كُنْتَ

Be dutiful to Allah
wherever you are.



তুমি যেখানেই থাকো না কেন,
সব সময় আল্লাহকে ভয় করো।

জামে আত-তিরিমিজি : ৬১

إِحْفَظِ اللَّهَ يَحْفَظْكَ

Be mindful of Allah
and Allah will protect you.



তুমি আল্লাহর বিধানসমূহ রক্ষা করো,
তাহলে তিনিও তোমাকে রক্ষা করবেন।

জামে আত-তিরিমিজি : ২৫১৬

## إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ

If you ask, ask only Allah.



যদি কিছু চাইতে হয়,
তাহলে শুধু আল্লাহর কাছেই চাও!

জামে আত-তিরিমিজি : ২৫১৬

إِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللّٰهِ

If you seek help,
then seek help only from Allah.



যদি সাহায্য চাইতে হয়,
তাহলে শুধু আল্লাহর কাছেই সাহায্য চাও।

জামে আত-তিরিমিজি : ২৫১৬

مَنْ أَحَبَّ لِقَاءَ اللَّهِ أَحَبَّ اللَّهُ لِقَاءَهُ

He who loves to meet Allah,
Allah also loves to meet him.



যে আল্লাহর সাথে সাক্ষাৎ করতে ভালোবাসে,
আল্লাহও তার সাথে সাক্ষাৎ করতে ভালোবাসেন।

সহিহ মুসলিম : ৭৩৭৬

يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا اللَّه

O people,
always remember Allah.



ওহে মানুষ,
তোমরা আল্লাহকে স্মরণ করো।

জামে আত-তিরমিজি : ৫৮০

إِنَّ اللَّهَ جَمِيلٌ يُحِبُّ الْجَمَالَ

Allah is Beautiful,
He loves beauty.



নিশ্চয় আল্লাহ সুন্দর,
তিনি সৌন্দর্যকে ভালোবাসেন।

সহিহ মুসলিম : ৬১২

لاَ يَقْبَلُ اللَّهُ صَلاَةً بِغَيْرِ طُهُورٍ

Allah does not accept Salah
without purification.



পবিত্রতা ছাড়া আল্লাহ কারও সালাত
কবুল করেন না।

সুনানে নাসায়ি : ১৪৯